মেহেরপুরে ৯ কেজি গাঁজা উদ্ধার, আটক দুই মাদক ব্যবসায়ী

৯ কেজি ভারতীয় গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম।

আটক মাদক ব্যবসায়ীরা হলেন, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার বাহিরমাদি গ্রামের মৃত আব্দুল মান্নান জোয়ার্দারের ছেলে রবিউল ইসলাম (৪০) ও একই গ্রামের আজিজুল সর্দারের ছেলে সজিব সর্দার ওরফে সজিব পারভেজ (৩৬)। এসময় তাদের বহনকাজে ব্যবহৃত নাম্বার বিহীন একটি টিভিএস স্ট্রাইকার মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৬ জুলাই) সকাল ৮ টার দিকে গাংনী উপজেলার মহেশপুর ডোবাপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাদের গাঁজাসহ আটক করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের পরিদর্শক আবুল হাসেম সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে এই অভিযান চালান।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের পরিদর্শক আবুল হাসেম জানান,ভারতীয় সীমান্ত থেকে গাঁজা নিয়ে দুই মাদক ব্যবসায়ী জোড়পুকুরিয়া বাজার হয়ে ষোলটাকার মধ্য দিয়ে যাবে এমন গোপন সংবাদের ভিত্তিতে মহেশপুর ডোবাপাড়া এলাকায় অবস্থান নিই। এসময় মোটরসাইকেল যোগে দুই মাদক ব্যবসায়ী যাওয়ার সময় তাদের গতিরোধ করি। পরে তারা গাঁজা ও মোটরসাইকেল ফেলে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এসময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা তাদের দুজনকে আটক করেন।

এ ঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দিয়ে মাদক ব্যবসায়ী ও গাঁজা হস্তান্তর করা হয়েছে।